

## সিঙ্গাপুর এয়ারলাইন্সে বড় ছাড়

- A Monitor Desk Report

Date: 19 April, 2024



**ঢাকা: ঢাকা থেকে থাইল্যান্ড, মালয়েশিয়াসহ এশিয়া-ইউরোপের বিভিন্ন দেশে বড় ছাড়ে আগাম টিকিট বিক্রি করছে সিঙ্গাপুর এয়ারলাইন্স।**

সম্প্রতি যাত্রীদের জন্য এই ছাড় দিয়েছে এয়ারলাইন্সটি। সিট থাকা সাপেক্ষে ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের আগে যে কোনোদিন টিকেট কেটে ভ্রমণ করা যাবে বলে জানায় তারা।

সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, ঢাকা থেকে বাংলাদেশের যাত্রীরা অল্প খরচে সিঙ্গাপুরে ট্রানজিট নিয়ে দক্ষিণ এশিয়ার গন্তব্যগুলোতে ঘুরতে যেতে পারবেন। যাত্রীরা ৩৩ হাজার ১৮৭ টাকায় থাইল্যান্ডের ব্যাংকক, ৪৬ হাজার ৫১৩ টাকায় শ্রীলঙ্কার কলম্বো, ৩৭ হাজার ১৫৪ টাকায় মালয়েশিয়ার কুয়ালালামপুর, ৫৫ হাজারে ইন্দোনেশিয়ার জাকার্তা, ৫৫ হাজার ১০০ টাকায় ইন্দোনেশিয়ার বালি, ৫৩ হাজার ৪৩৩ টাকায় ফিলিপাইনের ম্যানিলা, ৪২ হাজার ৯৭০ টাকায় সিঙ্গাপুর এবং ৪১ হাজার ৮৩৬ টাকায় থাইল্যান্ডের ফুটেকে রিটার্ন টিকিট কাটতে পারবেন।

এছাড়াও এয়ারলাইন্সটিতে চীনের সাংহাইয়ের ভাড়া পড়বে ৫৫ হাজার ৭৩০ টাকা ও ভিয়েতনামের হানই-এর ভাড়া পড়বে ৬৫ হাজার টাকা।

টিকিট কাটার শর্ত হিসেবে সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, সিট থাকা সাপেক্ষে শুধুমাত্র নির্দিষ্ট তারিখের এই ছাড় পাওয়া যাবে। তবে এই ভাড়ায় টিকেট কাটার পর ক্যান্সেল করলে যাত্রী কোনো টাকা ফেরত পাবে না। এছাড়াও টিকেটে কারো নামে পরিবর্তন কিংবা যাত্রার তারিখ পরিবর্তন করা যাবে না।

এই টিকেটে ভ্রমণের সময় যাত্রীরা ২৫ কেজি চেক-ইন ব্যাগেজ এবং ৭ কেজি হ্যান্ড ব্যাগেজ নিতে পারবেন। বাংলাদেশের যেকোনো ব্যাংকের আন্তর্জাতিক (ডুয়েল কারেন্সি) ডেবিট কিংবা ক্রেডিট কার্ড দিয়েই কাটা যাবে সিঙ্গাপুর এয়ারলাইন্সের টিকিট।

